রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৬, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২শে ভাদ্র ১৪১০/৬ই সেপ্টেম্বর ২০০৩

এস, আর, ও নং ২৬৭-আইন/২০০৩।—এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর ধারা ৫১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা এসিড নিয়ন্ত্রণ তহবিল (হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা পদ্ধতি) বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) ;

(খ) "এসিড" অর্থ আইনের ধারা ২ (খ) তে সংজ্ঞায়িত এসিড ;

(গ) "এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি" অর্থ আইনের ধারা ২ (গ) তে সংজ্ঞায়িত এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ;

(ঘ) "কাউন্সিল তহবিল" অর্থ আইনের ধারা ১০ এর অধীন গঠিত জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিল তহবিল ;

(ঙ) "কাউন্সিল" অর্থ আইনের ধারা ৪ এর অধীন গঠিত জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিল;

(চ) "জেলা কমিটি" অর্থ আইনের ধারা ৭ এর অধীন গঠিত জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের জেলা কমিটি ;

(ছ) "জেলা কমিটির তহবিল" অর্থ আইনের ধারা ১১ এর অধীন গঠিত জেলা কমিটির তহবিল ;

(জ) "তহবিল" অর্থ কাউন্সিল তহবিল এবং জেলা কমিটির তহবিল ;

(ঝ) "ফরম" অর্থ এই বিধিমালার কোন ফরম।



মূল্য ঃ টাকা ২·০০

৩। **কাউন্সিল তহবিল এর ব্যয় এবং পরিচালনা।**—(১) কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত উদ্দেশ্যে কাউন্সিল তহবিল হইতে অর্থ ব্যয় করা হইবে, যথা ঃ—

(ক) এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য এক বা একাধিক পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ;

(খ) এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য চিকিৎসা প্রদান ;

(গ) এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান ;

(ঘ) এসিড অপব্যবহারের কুফল এবং ভয়াবহতা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে প্রশিক্ষণসহ অন্যান্য কর্মসূচী গ্রহণ ;

(ঙ) এসিড ব্যবহার ও অপব্যবহার সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহের জন্য যে কোন ধরণের গবেষণা বা জরীপ পরিচালনা ;

(চ) তহবিল পরিচালনার জন্য যে কোন নির্বাহী ব্যয় ;

(ছ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত এতদ্‌সংশ্লিষ্ট অন্য কোন বিষয়।

(২) কাউন্সিলের চেয়ারম্যান ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে কাউন্সিল তহবিল এর ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।

৪। **জেলা কমিটির তহবিল এর ব্যয় এবং পরিচালনা।**—(১) কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে, জেলা কমিটির প্রয়োজনীয় ব্যয় জেলা কমিটির তহবিল হইতে নির্বাহ করা হইবে।

(২) জেলা কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে জেলা কমিটির তহবিল এর ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য জেলা কমিটি এবং কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।

৫। **কাউন্সিল এর তহবিল হইতে অর্থ মঞ্জুরী।**—(১) কাউন্সিল কর্তৃক অনুমোদিত খাতে কাউন্সিলের সদস্য-সচিব কাউন্সিল তহবিল হইতে অর্থ মঞ্জুরীর আদেশ জারী করিতে পারিবে এবং মঞ্জুরীকৃত অর্থ একাউন্টপেইয়ী চেক (Account Payee Cheque) এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

(২) কাউন্সিল হইতে অর্থ মঞ্জুরী গ্রহণকারী ব্যক্তি বা সংস্থা, উক্ত মঞ্জুরীকৃত অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য কাউন্সিলের সদস্য-সচিবের নিকট দায়ী থাকিবেন এবং কাউন্সিলের সদস্য-সচিব কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।

৬। **তহবিল এর হিসাব সংরক্ষণ পদ্ধতি।**—(১) কাউন্সিল তহবিল এর যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কাউন্সিলের সদস্য-সচিবের নিকট দায়ী থাকিবেন এবং কাউন্সিলের সদস্য-সচিব কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।

(২) জেলা কমিটির তহবিল এর যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা কমিটির সদস্য-সচিবের নিকট দায়ী থাকিবেন, জেলা কমিটির সদস্য-সচিব জেলা কমিটির নিকট দায়ী থাকিবেন এবং জেলা কমিটি কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।

(৩) কাউন্সিলের সদস্য-সচিবের সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন সিনিয়র সহকারী সচিব তহবিল এর যাবতীয় হিসাব রেকর্ড সংরক্ষণ করিবেন।

(৪) কাউন্সিল এবং জেলা কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী ফরম "ক" অনুসারে সংরক্ষণ করিতে হইবে।

(৫) কাউন্সিল কর্তৃক অনুমোদিত খাতে অর্থ ব্যয়ের জন্য কোন কর্মকর্তার বরাবরে অর্থ বরাদ্দ করা হইলে বরাদ্দকৃত অর্থের হিসাব প্রতি তিন মাস অন্তর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রত্যয়নসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব (প্রশাসন) বরাবর পেশ করিবেন এবং উপ-সচিব (প্রশাসন) সেই প্রত্যয়নে অনুস্বাক্ষর করিবেন।

(৬) উপ-সচিব (প্রশাসন) প্রতি তিন মাস অন্তর কাউন্সিলের তহবিলের হিসাব বিবরণী ফরম "খ" অনুসারে কাউন্সিলের সদস্য-সচিবের নিকট দাখিল করিবেন এবং জেলা কমিটি প্রতি তিন মাস অন্তর জেলা কমিটির তহবিলের হিসাব বিবরণী ফরম "খ" অনুসারে কাউন্সিরের সদস্য-সচিবের নিকট দাখিল করিবেন এবং কাউন্সিলের সদস্য-সচিব উক্ত বিবরণী কাউন্সিলের সভায় উপস্থাপন করিবেন।

(৭) বিধি ৩ এ উল্লিখিত কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব (যদি থাকে) প্রতি বৎসর ৩০শে জুন তারিখের মধ্যে অর্থ বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর ফেরত প্রদান করিতে হইবে।

(৮) কাউন্সিলের সদস্য-সচিব এবং উপ-সচিব (প্রশাসন) প্রতি অর্থ বৎসর শেষে কাউন্সিল তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক এ্যাকাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন এবং জেলা কমিটির সদস্য-সচিব প্রতি অর্থ বৎসর শেষে জেলা কমিটির তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক এ্যাকাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন।

(৯) কাউন্সিল তহবিল এর অর্থ ব্যয়ের জন্য ফরম "ক" অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার কাউন্সিলের সদস্য-সচিবের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে দায়িত্বপ্রাপ্ত সিনিয়র সহকারী সচিব সংরক্ষণ করিবেন এবং জেলা কমিটির তহবিল এর অর্থ ব্যয়ের জন্য ফরম "ক" অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার জেলা কমিটির সদস্য-সচিব ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি সংরক্ষণ করিবেন।

৭। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা।**—(১) কাউন্সিল ও জেলা কমিটি যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কাউন্সিল ও জেলা কমিটির তহবিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার এবং ক্ষেত্রমত, কাউন্সিল ও জেলা কমিটির নিকট পেশ করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ক্ষেত্রমত জাতীয় কাউন্সিল ও জেলা কমিটির সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং জাতীয় কাউন্সিল ও জেলা কমিটির কোন সদস্য বা যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

ফরম "ক"

[বিধি ৬ দ্রষ্টব্য]

(কাউন্সিল তহবিল/জেলা কমিটির তহবিল এর জমা ও খরচের হিসাব বিবরণী)

| (ক) জমার বিবরণী | | | | | (খ) খরচের বিবরণী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | অর্থ প্রাপ্তির উৎসের বিবরণী | ব্যাংক ড্রাফট/চেক নং, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | টাকার পরিমাণ | মোট টাকা | খরচ খাতের বিবরণী | ব্যাংক ড্রাফট/চেক নং, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | টাকার পরিমাণ | সিনিয়র সহকারী সচিব এর অনুস্বাক্ষর |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | মোট প্রাপ্ত টাকা | | | | মোট খরচ | | | |
| | প্রারম্ভিক মোট | | | | সমাপ্তি জের | | | |
| | সর্বমোট | | | | সর্বমোট | | | |

সিনিয়র সহকারী সচিব/জেলা কমিটির দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এর স্বাক্ষর কাউন্সিলের সদস্য-সচিব/জেলা কমিটির সদস্য-সচিব এর স্বাক্ষর

ফরম "খ"

[বিধি ৬ দ্রষ্টব্য]

(কাউন্সিল তহবিল/জেলা কমিটির তহবিল এর ত্রৈমাসিক জমা ও খরচের হিসাব বিবরণী)

ত্রৈমাসের নাম ঃ

বৎসর ঃ

| প্রারম্ভিক জের | ——— ত্রৈমাসের মোট প্রাপ্তি | মোট অর্থ | ——— ত্রৈমাসের মোট ব্যয় | ——— ত্রৈমাসের অব্যয়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | (খাতওয়ারী) | | (খাতওয়ারী) | (খাতওয়ারী) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

জেলা কমিটির সদস্য-সচিব/কাউন্সিলের সদস্য-সচিব/উপ-সচিব (প্রশাসন) এর স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.বি.আই.এম শফিক-উদ-দৌলা**

উপ-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।